ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/১১৭৫৭ তারিখ: ০৩.০২.২০২২খ্রি:

বিষয়: গবেষণা পত্রিকার জন্য লেখা আহবান প্রসঙ্গে।

সূত্র: রবিবা/রবি পত্রিকা/২০২১/০১ তারিখ: ১৮ নভেম্বর ২০২১খ্রি.

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশে-এর রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকার ১৮ নভেম্বর ২০২১খ্রি. তারিখের রবিবা/রবি পত্রিকা/২০২১/০১ নম্বর পত্রটি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

উপাচার্যের অনুমোদনক্রমে

০৩/০২/২০২২

(মো: রেজাউল হক)
রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/বিবিধ যোগাযোগ/২০২১/১১১৫৭(৪) তারিখ: ০৩.০২.২০২২খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. অফিস নথি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

০৩.০২.২০২২
ফাহাদ আহমদ মোমতাজী
সহকারী রেজিস্ট্রার

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

Rabindra Biswabidyalaya Patrika
Rabindra University, Bangladesh
Shahzadpur, Sirajgonj
E-mail: rabindrauniversity2017@gmail.com
Web-Site : www.rub.ac.bd

স্মারক : রবিবা/রবি পত্রিকা/২০২১/০১

তারিখ : ১৮ নভেম্বর ২০২১

রেজিস্ট্রার

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়

বসিলা, মোহাম্মদপুর, ঢাকা ১২৩১।

বিষয় : গবেষণা পত্রিকার জন্য লেখা আহ্বান।

জনাব

শুভেচ্ছা গ্রহণ করুন। *রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা* রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ISSN নম্বরযুক্ত *Peer Reviewed* গবেষণা পত্রিকা। আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর *রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা*'র চতুর্থ সংখ্যা (শরৎ ১৪২৮) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশেষজ্ঞ-মতামতের ভিত্তিতে এই পত্রিকায় প্রকাশিত হয় ভাষা, সাহিত্য, সমাজ, সংস্কৃতি, বাণিজ্য ও বিজ্ঞান বিষয়ক মৌলিক-জিজ্ঞাসা ও গবেষণাফল সম্বলিত প্রবন্ধ। ২০২১ খ্রিষ্টাব্দের ডিসেম্বর মাসের মধ্যে প্রকাশিতব্য পত্রিকাটির চতুর্থ সংখ্যার জন্য প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। আগ্রহী লেখক ও গবেষকবৃন্দকে সংযুক্ত নিয়মাবলি অনুসরণ করে লিখিত প্রবন্ধ ০৮ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় ২ সেট প্রিন্টকপি এবং সফটকপি (সিডি অথবা ই-মেইল : rub.patrika@rub.ac.bd) পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

উপর্যুক্ত বার্তাটি আপনার বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহের সম্মানিত শিক্ষক ও গবেষকদের অবহিত করতে বিশেষভাবে অনুরোধ করছি।

সম্পাদকের অনুমোদনক্রমে–

১৮.১১.২১

মো. জাবেদ ইকবাল
সহযোগী সম্পাদক
রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
2375

সংযুক্তি : *রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা*'র জন্য প্রবন্ধ লেখার নিয়মাবলি।

-০৩

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা'য় লেখার নিয়মাবলি

১. গবেষণা প্রবন্ধের কম্পোজ করা পাণ্ডুলিপির দুটি কপি ও একটি সিডি (CD) সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

২. প্রবন্ধের মূল পাঠ A4 কাগজে ১৪ পয়েন্ট বাংলা 'সুতন্বী এমজে' ফন্টে দুই লাইনের মাঝে ১.৫ ফাঁক রেখে দুই দিকে সমতা (justified) বিধান করে কম্পোজ করতে হবে।

৩. নিবন্ধের প্রথম পৃষ্ঠায় লেখার শিরোনাম, লেখকের নাম, প্রাতিষ্ঠানিক পরিচিতি/পদবি লিপিবদ্ধ থাকবে। মূল প্রবন্ধ শিরোনামসহ দ্বিতীয় পৃষ্ঠা থেকে শুরু হবে। দ্বিতীয় পৃষ্ঠায় লেখকের নাম থাকবে না।

৪. নিবন্ধের শব্দ সংখ্যা হবে অনধিক ১০,০০০ (দশ হাজার)।

৫. প্রবন্ধ বাংলা একাডেমি প্রণীত *আধুনিক বাংলা অভিধান*-এর বানান অনুযায়ী রচিত হওয়া বাঞ্ছনীয়।

৬. প্রবন্ধের শুরুতে ১০০ শব্দের সারসংক্ষেপ থাকতে হবে। বাংলা ভাষায় রচিত প্রবন্ধের সারসংক্ষেপ বাংলায় এবং ইংরেজি ভাষায় রচিত প্রবন্ধের সারসংক্ষেপ ইংরেজিতে লেখা বাঞ্ছনীয়।

৭. প্রবন্ধের মূল পাঠে অন্য কোনো উৎসের সংক্ষিপ্ত উদ্ধৃতি থাকলে তা একই অনুচ্ছেদে উদ্ধৃতি চিহ্ন (" ") ও সূত্রসহ উল্লেখ করতে হবে। তবে উদ্ধৃতিটি ২৫ শব্দের বেশি হলে তা মূল পাঠের নিচে বাঁ দিকে ১/৪ ইঞ্চি ভেতরে (indenting) ১২ পয়েন্টে নতুন অনুচ্ছেদে সূত্রসহ উল্লেখ করতে হবে। এক্ষেত্রে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করার দরকার নেই। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্ক্তিবিন্যাস অক্ষুণ্ন থাকবে। উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন হবে না।

৮. মূল পাঠে সারণি (table) ও চিত্রাদি থাকলে সেগুলোর পর্যায়ক্রমিক সংখ্যা যেমন : ১, ২, ৩ ...) প্রদান করতে হবে। প্রত্যেক সারণি ও চিত্রের যথাযথ আখ্যা (caption) প্রদান জরুরি।

৯. মূল পাঠে কোনো বিষয় সম্পর্কে অতিরিক্ত ব্যাখ্যা প্রদান করতে চাইলে তা মূল পাঠের শেষে অন্ত্য-টীকায় (end-note) উপস্থাপন করতে হবে। এ ধরনের টীকা প্রদানের ক্ষেত্রে মূল পাঠের উদ্দিষ্ট ব্যাখ্যা বা বক্তব্য অধিসংখ্যা (superscript) দিয়ে ([১, ২, ৩] ইত্যাদি) নির্দেশ করতে হবে।

১০. অন্য কোনো লেখকের উদ্ধৃতি ব্যবহারের নিয়ম :
১৯৭৭ খ্রিষ্টাব্দে প্রকাশিত আবদুল মান্নান সৈয়দ-এর *নজরুল ইসলাম : কবি ও কবিতা* বইয়ের ২৫২তম পৃষ্ঠা থেকে উদ্ধৃত অংশটি নিম্নোক্তভাবে উপস্থাপিত হবে :

> চিত্রকল্প প্রধানত বিষয়ের আত্মার চেয়ে বিষয়ের শরীর ফলিয়ে তোলার আকাঙ্ক্ষী। অনেক সময় উপমা, রূপক ও প্রতীক : কবিতার এই সব উপচারের ছদ্মপোশাক প'রে লুকিয়ে থাকে চিত্রকল্প; অবশ্য উপমা, ও প্রতীক মাত্রেই- যে চিত্রকল্প নয়— সে তো বলা বাহুল্য। (মান্নান, ১৯৭৭ : ২৫২)

১১. প্রবন্ধের মূল পাঠের শেষে একটি সহায়কপঞ্জি (reference) থাকবে। এই সহায়কপঞ্জিতে কেবল মূল পাঠে যেসব লেখক ও গ্রন্থের উল্লেখ আছে, তা বর্ণানুক্রমে (alphabetic order) বিন্যস্ত করতে হবে। বাংলা ও ইংরেজি গ্রন্থের জন্য স্বতন্ত্রভাবে সহায়কপঞ্জি রচনা করতে হবে, যেখানে প্রথমে বাংলা বই স্থান পাবে। সহায়কপঞ্জি রচনার নিয়ম নিম্নরূপ :

গ্রন্থ

আহমদ শরীফ (১৯৭৭)। *মধ্যযুগের সাহিত্যে সমাজ ও সংস্কৃতির রূপ*। মুক্তধারা, ঢাকা।

M. A. Rahim (2013). *The History of the University of Dacca.* Dhaka University, Dhaka.

গবেষণা পত্রিকা

আনোয়ার পাশা (১৩৭৫)। 'মোহামেডান লিটারারী সোসাইটি ও হিন্দুমেলা'। *সাহিত্য পত্রিকা*, দশম বর্ষ : দ্বিতীয় সংখ্যা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১২. গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম থাকতে হবে।

১৩. প্রকাশিত কিংবা প্রকাশের জন্য বিবেচনাধীন লেখা গ্রহণ করা হয় না।

১৪. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেওয়া হয় না। প্রবন্ধ প্রকাশিত হলে লেখক পত্রিকার দুটি কপি ও নিয়মানুযায়ী সম্মানি পাবেন।

প্রবন্ধ প্রেরণ ও যোগাযোগ

১৪.১১.২১

সহযোগী সম্পাদক
রবীন্দ্র বিশ্ববিদ্যালয় পত্রিকা
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
ই-মেইল : rub.patrika@rub.ac.bd